

প্রিয় অভিভাবক/কেয়ারার

হোম এক্সেস গ্রান্টস (Home Access Grants) - আবেদন করার জন্য আমন্ত্রণ

হোম এক্সেস (Home access) হল একটি সরকারী কর্মসূচী যা গৃহশিক্ষা (লার্নিং এট হোম) কতগুলো মানদণ্ডের অধীনে নিম্ন-আয়ের পরিবারসমূহকে বিনামূল্যে একটি কম্পিউটার ও ইন্টারনেট সেবা প্রাপ্তিতে সহায়তা করে। এই কর্মসূচীটি ইংল্যান্ডের পরিবারসমূহের জন্য।

হোম এক্সেস গ্রান্ট (Home access grant)-এর জন্য আবেদন করতে চাইলে আপনাকে অবশ্যই কোন শিশুর বাবা বা মা বা কেয়ারার হতে হবে এবং তার দেখভালের জন্য দায়বদ্ধ হতে হবে। নিচের শর্তগুলো শিশুটির ক্ষেত্রে প্রযোজ্য হতে হবে:

... শিশুটি স্কুলের ইয়ার 3 থেকে 9-এর মধ্যে রয়েছে (সাধারণত 7-14 বছর বয়সী)

... শিশুটি কখনো কম্পিউটার ফর পিউপিলস (Computers For Pupils) বা হোম এক্সেস প্রোগ্রাম (Home Access programme) থেকে কোন কম্পিউটার পায়নি

... শিশুটি ফ্রী স্কুল মিলস (Free School Meals) -এর জন্য যোগ্য, এবং

... আপনার চাইল্ড বেনেফিট অ্যাওয়ার্ড লেটার (Child Benefit award letter)-এ শিশুটির নাম রয়েছে।

আপনি ওয়ার্কিং ট্যাক্স ক্রেডিট (Working Tax Credit) পেয়ে থাকলে আপনি যোগ্য নাও হতে পারেন

আবেদনপত্রের একটি প্যাক পেতে চাইলে আপনাকে যোগাযোগ করতে হবে

হোম এক্সেস গ্রান্ট হেল্পলাইন (Home Access Grant Helpline)-এর সাথে: **0333 200 1004** নম্বরে (সোম থেকে শুক্রবার সকাল 8 টা থেকে রাত 8 টা পর্যন্ত, শনিবার সকাল 9টা থেকে দুপুর 1 টা পর্যন্ত)

ফোনে আপনার জন্য একটি প্রাথমিক যোগ্যতা পর্যবেক্ষণ পদ্ধতি অনুসরণ করা হবে। এতে সফল হলে আপনাকে আবেদনপত্রের একটি প্যাক পাঠানো হবে। এটা আপনাকে কীভাবে একটি আবেদনপত্রের ফর্ম পূরণ করতে হয় এ ব্যাপারে সবকিছু বলে দেবে। ফর্ম ফেরত পাঠানোর জন্য এতে একটি ফ্রীপোস্ট খামও রয়েছে।

যদি আপনার আবেদনপত্র সফল হয় তবে গ্রান্ট আপনাকে নিম্নোক্ত হোম এক্সেস প্যাকেজগুলোর (Home Access packages) একটি পাবার অনুমতি দেবে:

1. সম্পূর্ণ প্যাকেজ/ফুল প্যাকেজ (বিনামূল্যে একটি কম্পিউটার, এক বছরের জন্য বিনামূল্যে ইন্টারনেট সেবা, পরিষেবা ও সাহায্য-সহযোগিতা)
2. শুধুমাত্র বিনামূল্যে একটি কম্পিউটার, পরিষেবা ও সাহায্য-সহযোগিতা
3. শুধুমাত্র এক বছরের জন্য বিনামূল্যে ইন্টারনেট সেবা

এটি একটি অসাধারণ সুযোগ এবং আমরা আশা করি যে আপনার আবেদন সফল হোক।

আপনার শিশুর স্কুলে দোভাষী কর্তৃক পরিচালিত তথ্যাদি জানানোর জন্য তথ্য সভার (ইনফরমেশন সেশন) আয়োজন করতে পারে। এরকম কোন একটিতে উপস্থিত হতে চাইলে অনুগ্রহ করে স্কুলটি থেকে জেনে নিন।

আপনার বিশ্বস্ত